

পরীক্ষার হলে নকল ধরায় শিক্ষককে মারধর, মামলা

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর তেজগাঁও কলেজে এলএলবি পরীক্ষার হলে নকল ধরায় শিক্ষককে মারধরের অভিযোগে শেরেবাংলা নগর থানায় মামলা হয়েছে। ভুক্তভোগী তেজগাঁও কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষক সোহেল রানা বাদী হয়ে এ মামলা করেন। মামলায় শরীফুল ইসলাম ও রাসেল মিয়া নামে দুই শিক্ষার্থীসহ অজ্ঞাতপরিচয় আরও ছয়-সাতজনকে আসামি করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন এলএলবি শেষ বর্ষ ২০২৩ সালের পরীক্ষা গত শুক্রবার অনুষ্ঠিত হয়। সেদিন তেজগাঁও কলেজ কেন্দ্রে দায়িত্ব পালন করেন সোহেল রানা। সেখানে শরীফুল ও রাসেলকে নকল করে পরীক্ষা দিতে দেখেন তিনি। বিষয়টি তখনই পরীক্ষা পরিচালনা কমিটিকে

অবহিত করে ব্যবস্থা নিতে অনুরোধ করেন। এর পরিপ্রেক্ষিতে ওই দুই পরীক্ষার্থীকে বহিষ্কারের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের কাছে সুপারিশ করা হয়। হলে দায়িত্ব পালন শেষে বেলা সোয়া ১১টার দিকে সোহেল রানা বের হওয়ার সময় ওই দুই শিক্ষার্থীসহ কয়েকজন তাঁর ওপর অতর্কিত হামলা চালান। নকল ধরার জের ধরে তাঁকে কিলঘুষি মেরে জখম করা হয়। তখন অন্য শিক্ষকরা এগিয়ে এলে প্রাণে মেরে ফেলার হুমকি দিয়ে হামলাকারীরা চলে যান। পরে ভুক্তভোগী হাসপাতালে গিয়ে চিকিৎসা নেন।

ঢাকা মহানগর পুলিশের তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপকমিশনার জুয়েল রানা জানান, এ ঘটনায় জড়িতদের গ্রেপ্তারের চেষ্টা চলছে। শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন ঘটনাটির বিষয়ে অবগত আছেন এবং তিনি বিষয়টি তদারকি করছেন।